# প্রত্যাশার দিগন্ত

— নুরুল্লাহ্ মাসুম

"ভাল থেকো"
—এ কথাটা শোনার জন্য
উদগ্রীব,মহা উদগ্রীব, ছয়টি
সময় রেখার পশ্চিমে
—একাকী আমি।

জল বিহীন সাগরের তীরে
উন্মুক্ত আকাশ নয় মেঘমুক্ত
তবু আঁখির সন্ধানে ছোটে অশ্রু
সীমাহীন দিগন্তের পানে
—কল্পনার ডানা মেলে।

মুদিত নয়নে, অবারিত মুক্ত আকাশ
কোন এক সুবর্ণ গাঁয়ে, সুদূর অতীতের;
শ্যামলিমা বাংলার সবুজ প্রান্তরে
সুবর্ণ সময়ে, আঁখি—অশ্রুর
মিলন গাঁথার অপূর্ব মেলা।

প্রতীক্ষার শেষে,
আবারো—
ভাল থেকো—
এই প্রত্যাশা—
কত দিনের, কত কালের॥